অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে আইবিএম (IBM) বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেট বিশ্ববিদ্যালয়ের পলি অ্যালবেনি ক্যাম্পাসে (SUNY POLY ALBANY CAMPUS) কৃত্রিম বুদ্ধিমত্তার হার্ডওয়্যার কেন্দ্র (ARTIFICIAL INTELLIGENCE HARDWARE CENTER) তৈরি করবে

আগামী প্রজন্মের কৃত্রিম বুদ্ধিমত্তার (Artificial Intelligence, AI) হার্ডওয়্যার তৈরির জন্য একটি বৈশ্বিক গবেষণা কেন্দ্র নির্মাণে আইবিএম এর 2 বিলিয়ন মার্কিন ডলার অঙ্গীকারের একটি অংশ

নিউ ইয়র্ক স্টেট-আইবিএম গবেষণা AI হার্ডওয়্যার কেন্দ্রটি AI উদ্ভাবনকে সমর্থন করে যুগান্তকারী গবেষণা ও বিকাশ করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে SUNY পলিটেকনিক ইনস্টিটিউটের (State University of New York Polytechnic Institute, SUNY Poly) দীর্ঘদিনের ভাড়াটে আইবিএম ক্যাম্পাসে এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটে এর উচ্চ প্রযুক্তির পদাঙ্ক বিকাশের জন্য 2 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার পরিকল্পনা করছে। এর মধ্যে রয়েছে SUNY পলি তে কৃত্রিম বুদ্ধিমত্তাকে কেন্দ্র করে কম্পিউটার চিপ গবেষণা, বিকাশ, প্রোটোটাইপ তৈরি, পরীক্ষা করা এবং সিমুলেশনের জন্য একটি "AI হার্ডওয়্যার কেন্দ্র" স্থাপন করা। স্থাপিত হয়ে গেলে, AI হার্ডওয়্যার কেন্দ্রটি গবেষণা ও বাণিজ্যিক অংশীদারদের একটি নতুন ইকোসিস্টেমের নিউক্লিয়াস হয়ে উঠবে, এবং এটি "টেক ভ্যালি (Tech Valley)" অর্থাৎ উদ্ভাবনী গবেষণা ও বিকাশের একটি বৈশ্বিক হাব হিসেবে রাজধানী অঞ্চলের অবস্থান আরো শক্ত করবে।

"নিউ ইয়র্ক সবসময়ই উঠতি শিল্পের ক্ষেত্রে সবার সামনে থেকেছে, এবং কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণার জন্য একটি হাব তৈরিতে এই বেসরকারি খাতের বিনিয়োগ বিশ্বমানের মেধাবীদের আকর্ষিত করবে এবং অঞ্চলের অর্থনৈতিক বিকাশের চালিকাশক্তি হিসেবে কাজ করবে", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের জীবনযাত্রা ও ব্যবসা করার পদ্ধতি রূপান্তর করার ক্ষমতা কৃত্রিম বুদ্ধিমত্তার আছে, এবং আইবিএম এর অংশীদারিত্ব এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে নিউ ইয়র্ক যেন উদ্ভাবনী প্রযুক্তির বিকাশে সর্বদা অগ্রসর থাকে।"

"আইবিএম এর এই বিনিয়োগ রাজধানী অঞ্চলে এবং পুরো স্টেটে নিউ ইয়র্কের উচ্চ প্রযুক্তির বিকাশ অব্যাহত রাখবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "কৃত্রিম বুদ্ধিমত্তা হার্ডওয়্যার কেন্দ্রটি SUNY পলিটেকনিক ইনস্টিটিউটে গবেষণা ও অংশীদারিত্ব বিস্তৃত করবে, এবং এটি নিশ্চিত করবে যে টেক ভ্যালি অঞ্চলের অর্থনৈতিক বিকাশমুখী উদ্ভাবনী ব্যবসা ও বিকাশকে আকর্ষণ করছে।"

আইবিএম এর প্রত্যাশিত 2 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে SUNY পলি এবং নিউ ইয়র্কের অন্যান্য আইবিএম ফ্যাসিলিটিতে। পুরো SUNY সিস্টেমে কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণায় নগদ ও নগদ অর্থ ব্যতীত অন্যান্য অবদান নিয়ে আইবিএম অন্তত 30 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে চায়, SUNY এর সাথে মিল

রেখে 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে যার ফলে মোট অর্থ হবে 55 মিলিয়ন মার্কিন ডলার। AI হার্ডওয়্যার কেন্দ্র সমর্থন করতে প্রয়োজনীয় সরঞ্জাম কিনতে, মালিক হতে এবং ইনস্টল করতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) SUNY গবেষণা ফাউন্ডেশনকে পাঁচ বছর ধরে 300 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল অনুদান প্রদান করবে।

এছাড়াও আইবিএম সেমিকন্ডাক্টর গবেষণা কেন্দ্রের (Center for Semiconductor Research, CSR) জন্য SUNY পলির সাথে তাদের অংশীদারিত্ব 2023 পর্যন্ত সম্প্রসারণ করার পরিকল্পনা করছে, যা 2021 সালে মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়ার কথা, এবং সাথে 2028 সাল পর্যন্ত অতিরিক্ত পাঁচ বছরের জন্য CSR কে বর্ধিত করার সুযোগও থাকবে।

AI হার্ডওয়্যার কেন্দ্রটি স্টেটে নতুন AI শিল্প কোম্পানি এবং ফেডারেল গবেষণাকে আকর্ষিত করবে, একটি সাথে অর্থনৈতিক বিকাশের ব্যবস্থা করবে এবং কয়েক শত নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে এবং SUNY পলি ক্যাম্পাস, আইবিএম ও তার সমন্বয়কারী ফ্যাসিলিটিসমূহে আরো কয়েকশত বিদ্যমান কর্মসংস্থান বজায় রাখবে।

আইবিএম গবেষণার (IBM Research) সেমিকন্ডাক্টর ও AI হার্ডওয়্যার এর ভাইস প্রেসিডেন্ট মুকেশ খারে বলেন, "আসন্ন বছরগুলিতে AI বিশ্বকে নাটকীয়ভাবে বদলে দিবে। শিল্প ও সমাজের কল্যাণে আইবিএম AI এর সীমা দ্রুত অতিক্রম করছে। নিউ ইয়র্ক স্টেটের সাথে আমাদের অংশীদারিত্ব সম্প্রসারণ করার মাধ্যমে, আমরা AI হার্ডওয়্যার গবেষণার বৈশ্বিক হাব তৈরি করছি এবং সাথে এমন একটি ইকোসিস্টেম যা উদ্ভাবন ও উন্নয়নের মাধ্যমে ডিজরাপটিভ প্রযুক্তি বিকাশে নেতৃত্ব দিবে।"

অ্যাপ্লায়েড ম্যাটেরিয়ালস (Applied Materials) এর নতুন বাজার ও জোট এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট স্টিভ ঘানাইয়েম বলেন, "নতুন AI হার্ডওয়্যার কেন্দ্রের একজন সদস্য হিসেবে আমরা আইবিএম এর সাথে আমাদের দীর্ঘদিনের অংশীদারিত্ব বিস্তৃত করতে পেরে খুবই আনন্দিত। এই AI যুগে প্রয়োজনীয় কম্পিউটিং পারফরম্যান্সের মাত্রা এবং কার্যকারিতা অর্জন করার জন্য চিপ তৈরির উপাদান ও পদ্ধতিতে উদ্ভাবন প্রয়োজন। অ্যাপ্লায়েডের মূল লক্ষ্য হল উন্নত প্রযুক্তির বিকাশ ত্বরান্বিত করতে শিল্পকে সাহায্য করতে উপাদান ও প্রকৌশলে আমাদের অভিজ্ঞতা কাজে লাগানো।"

নিউ ইয়র্ক স্টেটের গবেষণা ফ্যাসিলিটিগুলি সবসময় উল্লেখযোগ্য প্রযুক্তিগত উন্নয়ন ও বড় সাফল্যের কেন্দ্রে ছিল, যার মধ্যে রয়েছে আগামী প্রজন্মের ওয়েফার তৈরির মেশিন ও সরঞ্জাম বিকাশ এবং বিশ্বের ক্ষুদ্রতম ও সর্বাধিক উন্নত কম্পিউটার চিপ তৈরি করার মতো উদ্ভাবন।

গত দুই দশক ধরে, স্টেট রাজধানী অঞ্চল ও আপস্টেট নিউ ইয়র্কে উচ্চ-প্রযুক্তির কোম্পানি যাতে ভালোভাবে কাজ করতে পারে সেই জন্য প্রয়োজনীয় পরিকাঠামো, কর্মশক্তি ও ইকোসিস্টেম গঠন করতে শিল্পের নেতাদের ও শিক্ষা প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব করেছে। যার ফলাফল উল্লেখযোগ্য, এর ফলে বিলিয়ন বিলিয়ন ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরি হয়েছে, 2018 সালের জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের (Georgetown University) প্রতিবেদন অনুযায়ী, ন্যানোটেকনোলজির ফলে এই অঞ্চলে মোট 60,000 এর বেশি প্রত্যক্ষ, পরোক্ষ, প্রণোদিত এবং নির্মাণ কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। এই প্রচেষ্টাগুলিও অঞ্চলটিকে টেক ভ্যালিতে রূপান্তরিত করেছে - যা হল ন্যানোটেকনোলজি ও সেমিকন্ডাক্টর গবেষণা ও বিকাশ এবং উৎপাদনের একটি বৈশ্বিক হাব।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "এই AI হার্ডওয়্যার কেন্দ্রটি স্থাপন করলে কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে অগ্রজ হিসেবে নিউ ইয়র্ক স্টেটের অবস্থান মজবুত হবে, কৃত্রিম বুদ্ধিমত্তা হল বিশ্বের সর্বাপেক্ষা দ্রুত বিকাশ হওয়া এবং সর্বোচ্চ সামাজিক রূপান্তরের প্রযুক্তি যা উচ্চ প্রযুক্তির ক্ষেত্রে নজিরবিহীন সুযোগের সৃষ্টি করছে। উদ্ভাবন সমর্থনে প্রয়োজনীয় পরিকাঠামোতে বিনিয়োগ করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট ও আইবিএম এর এই অংশীদারিত্ব শিল্পের শীর্ষস্থানীয় গবেষণাতে SUNY-এর দারুণ রেকর্ডের সাথে সংযোজিত হবে, এবং এটি রাজধানী অঞ্চল ও নিউ ইয়র্ক স্টেটে হাজার হাজার কর্মসংস্থান ও বিলিয়ন বিলিয়ন ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরি করবে।"

SUNY-র চ্যান্সেলর ক্রিস্টিনা এম.জনসন বলেছেন, "গভর্নর কুওমোর নেতৃত্বাধীনে, ব্যবসাসমূহের সাথে আমাদের অংশীদারিত্ব গবেষণায় বড় বড় সাফল্য এবং অর্থনৈতিক বিকাশ নিয়ে আসা অব্যাহত রেখেছে এবং একই সাথে ক্যান্সারের মতো রোগের সাথে লড়াই ও জলবায়ু পরিবর্তন প্রশমিত করার কাজও করছে। আমরা উদ্ভাবনী ক্ষেত্রে বিশ্বমানের শিক্ষার প্রদান করে যাচ্ছি এবং কৃত্রিম বুদ্ধিমত্তা হল আরেকটি উদাহরণ কীভাবে SUNY নতুন প্রযুক্তি ক্লাস্টারে বিনিয়োগ করছে আমাদের শিক্ষার্থীদের আগামীতে ভালো বেতনের চাকরি পেতে প্রস্তুত করার জন্য। SUNY পলির সাথে এই রূপান্তরমূলক কাজে সমন্বয় করতে পেরে আমরা গর্বিত।"

এই প্রকল্পের সমর্থনে, নিউ ইয়র্ক স্টেট প্রতিবেশী রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute, RPI) এর সাথে অংশীদারিত্ব করবে। এছাড়াও AI হার্ডওয়্যার কেন্দ্রটি ক্রমবর্ধমান সংখ্যক অন্যান্য উচ্চ প্রযুক্তির কোম্পানি থেকে নিয়োগ ও সমন্বয় করবে বলে আশা করা হচ্ছে, প্রাথমিক অংশীদাররা হল অ্যাপ্লায়েড ম্যাটেরিয়ালস, স্যামসাং (Samsung) ও টোকিও ইলেকট্রন লিমিটেড (Tokyo Electron Limited, TEL)।

নিউ ইয়র্ক স্টেট ও আইবিএম এর এই অংশীদারিত্ব হল সম্প্রতি ঘোষিত নিউ ইয়র্ক গবেষণা, অর্থনৈতিক অগ্রসর, প্রযুক্তি, প্রকৌশল ও বিজ্ঞান কেন্দ্রের (New York Center for Research, Economic Advancement, Technology Engineering and Science, NY CREATES) একটি অংশ। NY CREATES হল ESD এবং SUNY-এর মধ্যে একটি নতুন অংশীদারিত্বের প্রতিনিধি যা শিল্পমুখী গবেষণা ও বিকাশ এবং অর্থনৈতিক বিকাশমূলক প্রকল্পের নেতৃত্ব দেয় যা স্টেটের উচ্চ প্রযুক্তির অর্থনীতিকে বিকশিত করে। শিল্প ও বিশ্ববিদ্যালয় অংশীদারদের সম্প্রসারিত রোস্টার নিয়ে নতুন প্রকল্প অগ্রসর করার পাশাপাশি, NY CREATES SUNY পলির পুরোনো অর্থনৈতিক বিকাশ পোর্টফোলিও এর ব্যবস্থাপনাকে স্ট্রিমলাইন করবে এবং একই সাথে এটি নিশ্চিত করা অব্যাহত রাখবে যে স্টেটের সমর্থিত উচ্চ প্রযুক্তির প্রকল্পগুলি যেন আরো কার্যকরিভাবে, আরো স্বচ্ছতা, সততা ও দায়বদ্ধতা নিয়ে পরিচালিত হয়।

NY CREATES এর ভবিষ্যৎ প্রেসিডেন্ট ড. ডগলাস গ্রস বলেন, "আইবিএম এর সাথে এই নতুন ও উন্নত অংশীদারিত্বের মাধ্যমে উচ্চ প্রযুক্তির ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্ব প্রচার করাতে পেরে আমরা গর্বিত। এই উদ্যোগটির ফলে উল্লেখযোগ্য বিনিয়োগ ও কর্মসংস্থান হবে যা স্থানীয়, রিজিওনাল ও স্টেটের অর্থনীতিকে লাভবান করবে এবং একইসঙ্গে গুরুত্বপূর্ণ কৃত্রিম বুদ্ধিমত্তা কেন্দ্রিক গবেষণা, বিকাশ এবং বাণিজ্যিকীকরণ এর জন্য ভিত্তি তৈরি করবে, এই দ্রুত বিকাশমান ক্ষেত্রে সমন্বিত সুযোগ তৈরির সমর্থন করা অব্যাহত রাখবে।"

SUNY পলিটেকনিক ইনস্টিটিউটের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট গ্রেস ওয়াং বলেন, "কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে আইবিএম এবং অন্যান্য অংশীদারদের সাথে আরো বড় বড় সমন্বয় করার জন্য আমরা উন্মুখ, যার ফলে

আমাদের ফ্যাকাল্টি ও গবেষকরা সুযোগ পাবে এবং আমাদের শিক্ষার্থীদের জন্য হাতে কলমে শিক্ষার সুযোগ তৈরি হবে। কৌশলগত গুরুত্বপূর্ণ প্রযুক্তি ক্ষেত্রে নিউ ইয়র্ক ও যুক্তরাষ্ট্রের কর্তৃত্ব বজায় রাখতে আগামী প্রজন্মের কর্মশক্তিকে প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তা হার্ডওয়্যার কেন্দ্রের মতো অত্যাধুনিক উদ্ভাবন-কেন্দ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড আকর্ষণে গুরুত্বপূর্ণ একটি ভূমিকা রাখতে পেরে SUNY পলি খুবই আনন্দিত।"

তথ্য সেবা ও প্রযুক্তির (Information Services and Technology) ভাইস প্রেসিডেন্ট ও রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউটের প্রধান তথ্য কর্মকর্তা জন কব বলেন, "কৃত্রিম বুদ্ধিমত্তা, ডেটা অ্যানালিটিক্স, এবং কম্পিউটেশনে আমাদের যে গভীর অভিজ্ঞতা রয়েছে নিউ ইয়র্ক স্টেটের সাথে এই অংশীদারিত্ব তার সংযোজন। আমরা এক সাথে যে কাজ করবো তা আগামী প্রজন্মের কম্পিউটিং এর ক্ষেত্রে নিউ ইয়র্ককে অগ্রসর রাখবে।"

সিনেটর নিল ডি. ব্রেজলিন বলেছেন, "বহু প্রযুক্তিগত বড় সাফল্যের জন্য SUNY পলি সবসময়ই অগ্রসর ছিল এবং এটি রাজধানী অঞ্চলের জন্য একটি অব্যাহত অর্থনৈতিক চালিকাশক্তির মতোই। SUNY পলির দূরদৃষ্টির সাথে শিল্প নেতা এবং RPI-এর মতো শিক্ষা প্রতিষ্ঠান একত্রে বিন্যাস করে তৈরি হতে যাওয়া এই নতুন AI হার্ডওয়্যার কেন্দ্রটি প্রযুক্তিগত উন্নয়নের একটি বৈশ্বিক হাব এবং নেতা হিসেবে অঞ্চলের অবস্থান নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিসিয়া ফাহি বলেন, "SUNY পলিটেকনিক ইনস্টিটিউটের জন্য নতুন AI হার্ডওয়্যার কেন্দ্রে আইবিএম এর এই বিনিয়োগকে আমি সাধুবাদ জানাচ্ছি, এটি আমাদের অঞ্চলের অর্থনৈতিক বিকাশ ও বৃদ্ধির একটি মুখ্য চালিকাশক্তি। নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির বিজ্ঞান ও প্রযুক্তি কমিশনের (NYS Assembly's Commission on Science and Technology) সভাপতি হিসেবে, আমি নতুন কেন্দ্রের গবেষণা সম্ভাবনা নিয়ে খুবই উত্তেজিত। অটোমেটেড সিস্টেম কর্মশক্তি বিকাশে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং নিকট ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করবে। আমি গভর্নরকে তার সমর্থনের জন্য ধন্যবাদ জানাচ্ছি - এই বিনিয়োগ কর্মসংস্থানের আরো বেশি বিকাশ করবে এবং দেশের দ্বিতীয় টেক ভ্যালি হয়ে উঠতে আমাদের ইচ্ছাকে আরো সামনের দিকে অগ্রসর করবে।"

অ্যাসেম্বলি সদস্য জন টি. ম্যাকডোনাল্ড III বলেন, "রাজধানী অঞ্চল হল বৈজ্ঞানিক উদ্ভাবন ও গবেষণার বাড়ি তাই AI হার্ডওয়্যার কেন্দ্রের জন্য এটি যৌক্তিক অবস্থান। আমি আত্মবিশ্বাসী যে এই বিনিয়োগ অতীত বিনিয়োগের সংযোজন হিসেবে কাজ করবে এবং রাজধানী অঞ্চলে বৃহত্তর বিকাশের সুযোগ সৃষ্টি করবে।"

অ্যালবেনি কাউন্টি এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাকয় বলেছেন। "আজকের ঘোষণা দেখায় যে অ্যালবেনি কাউন্টিতে আমরা উচ্চ প্রযুক্তির পথ তৈরি করছি। আইবিএম এর সাথে এই অংশীদারিত্বের মতো শিল্প নেতাদের সাথে লাভবান সব অংশীদারিত্ব তৈরিতে তার নেতৃত্বের জন্য এবং তার অব্যাহত বিনিয়োগের জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি।"

অ্যালব্যানি মেয়র ক্যাথি শিহান বলেন, "আইবিএম এর এই যুগান্তকারী বিনিয়োগ দেশের শীর্ষ গবেষণা ও বিকাশ প্রতিষ্ঠানগুলির একটি হিসেবে SUNY পলির অবস্থান নিশ্চিত করে, এবং নতুন AI হার্ডওয়্যার কেন্দ্রটি অ্যালবেনির ক্রমবর্ধমান প্রযুক্তি ক্ষেত্রে একটি স্বাগত সংযোজন। নিউ ইয়র্কের 'টেক ভ্যালির' প্রতি তাদের

অব্যাহত অঙ্গীকারের জন্য আমি গভর্নর কুওমো, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মেধাবী ও নিবেদিত দল এবং SUNY পলিকে ধন্যবাদ জানাতে চাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন